গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

<u>ডিসেম্বর ২০২৫ মাসের প্রকল্প পর্যালোচনা সভার কার্যবিবরণী</u>

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. গাজী মোঃ সাইফুজ্জামান, মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর |
| তারিখ | : | ১১.১২.২০২৫ খ্রি. |
| সময় | : | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। |

২.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

| ক্র: নং | নাম ও পদবী | দপ্তর/ প্রকল্পের নাম | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব এম এ আখের, পরিচালক (প্রশাসন,পরিকল্পনা) ও প্রকল্প পরিচালক | টেকাব (২য় পর্ব) ও ৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ (২য় পর্ব) প্রকল্প | স্বাক্ষরিত |
| ০২. | জনাব কাজী মোখলেছুর রহমান, (যুগ্মসচিব) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও প্রকল্প পরিচালক | Economic Acceleration and Resilience for NEET (EARN) প্রকল্প | |
| ০৩. | জনাব মোঃ মানিকহার রহমান, পরিচালক (অর্থ) ও প্রকল্প পরিচালক | দেশের ৪৮টি জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি প্রকল্প | ,, |
| ০৪. | জনাব একেএম মফিজুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ) | ইমপ্যাক্ট ৩য় পর্যায় প্রকল্প যুব উন্নয়ন অধিদপ্তর | ” |
| ০৫. | জনাব মোঃ সেলিম খান অধ্যক্ষ ও প্রকল্প পরিচালক | কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রের প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প | ” |
| ০৬. | জনাব মোঃ সেলিমুল ইসলাম, উপপরিচালক(প্রশাসন) ও প্রকল্প পরিচালক | ফিজিবিলিটি স্টাডি প্রকল্প যুব উন্নয়ন অধিদপ্তর | ” |
| ০৭. | জনাব মরিয়ম আক্তার, উপপরিচালক (পরিকল্পনা-১) | যুব উন্নয়ন অধিদপ্তর | ” |
| ০৮. | জনাব হেলেনা আফরোজ ডেপুটি কো-অর্ডিনেটর | যুব উন্নয়ন অধিদপ্তর | ,, |
| ০৯. | জনাব মোঃ আমিরুল ইসলাম সহকারী প্রকল্প পরিচালক | ফিজিবিলিটি স্টাডি প্রকল্প | ” |
| ১০. | জনাব নাজমুল, সহকারী পরিচালক (পরিকল্পনা-২) | যুব উন্নয়ন অধিদপ্তর | ,, |
| ১১. | জনাব মোঃ শওকত আলী , সহকারী পরিচালক (পরিকল্পনা) | যুব উন্নয়ন অধিদপ্তর | ” |
| ১২. | জনাব মোঃ ফজলুর রহমান প্রশাসনিক কর্মকর্তা কাম হিসাবরক্ষক | ‘৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর | ” |

৩.০ উপস্থাপনা:

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে ২০২৫-২০২৬ অর্থবছরের ডিসেম্বর ২০২৫ মাসের প্রকল্প পর্যালোচনা সভার কার্যক্রম শুরু করেন। সভার কার্যপত্র উপস্থাপনের আহ্বান জানালে উপপরিচালক (পরিকল্পনা-১) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরিত গত ২৩ নভেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত প্রকল্প পর্যালোচনা সভার অনুমোদিত কার্যবিবরণী সকলের সম্মতিতে দৃঢ়ীকরণ করা হয়।

৩.১ উপপরিচালক (পরিকল্পনা-১) সভায় উপস্থাপন করেন যে, ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপিতে যুব উন্নয়ন অধিদপ্তরের মোট ০৯টি উন্নয়ন প্রকল্পের বরাদ্দ অন্তর্ভুক্ত রয়েছে। বর্ণিত প্রকল্পসমূহের অনুকূলে মোট এডিপি বরাদ্দ ১২৭৩৬২.০০ লক্ষ টাকা। আলোচ্য অর্থবছরের সেপ্টেম্বর ২০২৫ মাস পর্যন্ত প্রকল্পগুলোর অনুকূলে বরাদ্দের বিপরীতে ব্যবহৃত অর্থের পরিমাণ ৩৬০২.৫০ লক্ষ টাকা, যা মোট বরাদ্দের ২.৮৩%।

৩.২ উপপরিচালক (পরিকল্পনা-১) সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভায় প্রকল্প ভিত্তিক অগ্রগতির বিস্তারিত আলোচনা শুরু করেন। তিনি যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন চলমান এডিপিতে অন্তর্ভুক্ত ১০টি প্রকল্পের নভেম্বর ২০২৫ পর্যন্ত সময়ে নিম্নরূপ অগ্রগতি উপস্থাপন করেনঃ

ক) ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপি বরাদ্দ ও ব্যয়:

(লক্ষ টাকায়)

| নং | মোট প্রকল্প | এডিপি বরাদ্দ | ব্যয় (শতকরা হার) |
|---|---|---|---|
| ০১. | ১০টি | ১২৮৭০৭.০০ | ৭২০৪.৬২<br>৫.৬০% |

চলমান প্রকল্প

| নং | প্রকল্পের নাম | আর্থিক অগ্রগতি (লক্ষ টাকায়) | |
|---|---|---|---|
| | | বরাদ্দ | ব্যয় (%) |
| ০১ | দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (৩য় পর্যায়) প্রকল্প (১ম সংশোধিত) | ৩৪০০.০০ | - |
| ০২ | টেকনোলজি এম্পাওয়ারমেন্ট সেন্টার অন হইলস ফর দ্য আন্ডার প্রিভিলেইজড রুরাল পিপল অব বাংলাদেশ (২য় পর্যায়) | ১৪০০.০০ | ৩৭৮.১৫<br>২৭.০১% |
| ০৩ | Life Skills Education in Youth Training Center & SNYP Project | ১৪১.০০ | - |
| ০৪ | Economic Acceleration and Resilience for NEET (EARN)) | ১০৫৩৬৪.০০ | ৪৫৩.৮২<br>০.৪৩১% |
| ০৫ | Leaving No One Behind: Improving Skills and Economic Opportunities for the Women and Youths in Cox's Bazar, Bangladesh (ISEC) | ৩৬৬৮.০০ | ১৯৪৩.২৩<br>৫০.২৪% |
| ০৬ | ফিজিবিলিটি স্ট্যাডি ফর নিউ প্রজেক্টস অব ডিওয়াইডি' | ১৩৩.০০ | ১২.৩৭<br>৯.৩০ % |
| ০৭ | কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্রের প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প | ১৩৩৮.০০ | ৩৮২.১১<br>২৮.৫৬ % |
| ০৮ | ৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকরণ (২য় পর্যায়)" | ১১৬০.০০ | ৩৯৫.০৫<br>৩৪.০৬% |
| ০৯ | দেশের ৪৮টি জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি | ১০৫৭৮.০০ | ৩৬৩৯.৮৯<br>৩৪.৪১% |
| ১০ | তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন যুবদের কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তির মাধ্যমে দক্ষতা উন্নয়ন প্রকল্প | ১৩২৫.০০ | - |
| | সর্বমোট= | ১২৮৭০৭.০০ | ৭২০৪.৬২<br>৫.৬০% |

অত:পর উপস্থিত প্রকল্প পরিচালকবৃন্দকে সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে স্ব-স্ব প্রকল্প ভিত্তিক আলোচনার জন্য আহবান জানানো হয়।

৪.০ আলোচনা:

৪.১ 'টেকনোলজি এম্পাওয়ারমেন্ট সেন্টার অন হইলস ফর দ্য আন্ডার প্রিভিলেইজ ও রুরাল পিপল অব বাংলাদেশ-টেকাব (২য় পর্ব)' প্রকল্প: প্রকল্প পরিচালক সভায় অভিহিত করেন যে, প্রকল্পের ২য় সংশোধনের প্রস্তাব পরিকল্পনা কমিশনের (পিইসি) সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্পের আরডিপিপি পুনর্গঠন করে ২৭-১১-২০২৫ খ্রি. তারিখ পরিকল্পনা কমিশনের প্রেরণ করা হয়েছে। প্রকল্প অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখা হচ্ছে। এছাড়া পিআইসি সভার সদস্যগণ প্রকল্পের সার্বিক কার্যক্রমে সন্তুষ্টি প্রকাশ করেন। প্রকল্পটির প্রশিক্ষণ কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে পিআইসি সভার সদস্যগণ মতামত প্রকাশ করেন।

সিদ্ধান্ত:
সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:
১. ২০২৫-২৬ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ উপকরণ প্রদান করতে হবে।
২. প্রকল্পের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন নিশ্চিত করতে হবে।

৪.২. 'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (৩য় পর্যায়) (১ম সংশোধিত)': প্রকল্প পরিচালক সভায় জানান, গত ২৭.১০.২০২৫খ্রি. তারিখে প্রস্তাবিত প্রকল্পটি প্রশাসনিক আদেশ জারী করা হয়েছে। সংশোধিত ডিপিপির আলোকে কার্যক্রম চলমান রয়েছে। ০২/১১/২০২৫ তারিখ প্রশাসনিক মন্ত্রণালয় হতে প্রকল্পের ১ম ও ২য় কিস্তি বাবদ ১৭০০.০০ লক্ষ টাকা অর্থছাড় করা হয়েছে। পিআইইউ কার্যালয়ে আউটসোর্সিং জনবলের বেতন বাবদ ৪৩৯.৫০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে এবং জেলা পর্যায়ে আইবাস++ এর মাধ্যমে ৫২.৫১ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে জুম প্ল্যাটফর্মে ভার্চুয়াল সভায় ৮ বিভাগের ৬৪ জেলার উপপরিচালক ও প্রকল্পের জনবলের সাথে মতবিনিময় করা হয়। সভায় বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যমাত্রা ও অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সবাইকে একযোগে কাজ করার নির্দেশনা প্রদান করা হয়। সভায় প্রতি জেলায় কমপক্ষে ১টি বায়োগ্যাস পল্লী স্থাপনের পরামর্শ প্রদান করা হয়েছে। বায়োগ্যাস পল্লীতে কমপক্ষে ৩০টি প্ল্যান্ট স্থাপনের নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সরেজমিনে পরিদর্শন অব্যাহত রয়েছে। জুন ২০২৫ পর্যন্ত প্রকৃত প্ল্যান্ট স্থাপনের সংখ্যা ৪১২৮টি। চলতি অর্থবছরের জুলাই' ২৫ হতে নভেম্বর'২৫ পর্যন্ত প্ল্যান্ট স্থাপন করা হয়েছে ১১৮৫টি।এ পর্যন্ত ৫৩১৩টি প্ল্যান্ট স্থাপন হয়েছে। ডিসেম্বর/২০২৫ মাসে বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যমাত্রা ৭৮৭টি।

প্রকল্প পরিচালক সভায় আরো জানান যে, রাজস্ব খাতের প্রাতিষ্ঠানিক ঋণ অনুমোদনের ন্যায় ঋণ অনুমোদন ও বিতরণ এবং ঋণ আদায় কার্যক্রম পরিচালনা করা যেতে পারে। এক্ষেত্রে ডিপিপিতে উল্লিখিত জেলা ঋণ কমিটির সদস্য সচিব হিসেবে জেলার সহকারী পরিচালককে অন্তর্ভুক্ত করা যেতে পারে। সহকারী পরিচালকের পদ শূন্য থাকলে সদর উপজেলার উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন। সেক্ষেত্রে প্রকল্পের ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার/ ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার এর পদ শূন্য থাকলে বায়োগ্যাস সাব এসিসটেন্ট ইঞ্জিনিয়ার কমিটিতে সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন। ঋণ পূর্বের ন্যায় উপজেলা থেকে বিতরণের লক্ষ্যে চেকে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও প্রকল্পের ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার/ ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার এর পদ শূন্য থাকলে বায়োগ্যাস সাব এসিসটেন্ট ইঞ্জিনিয়ার যৌথ স্বাক্ষরে প্রদান করবেন মর্মে আলোচনা হয়।

সিদ্ধান্ত:
সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:
১. প্রকল্পের ঋণ কার্যক্রম রাজস্ব খাতের প্রাতিষ্ঠানিক ঋণ অনুমোদনের ন্যায় ঋণ অনুমোদন ও বিতরণ এবং ঋণ আদায় কার্যক্রম পরিচালনা করতে হবে।
২. ডিপিপিতে উল্লিখিত জেলা ঋণ কমিটির সদস্য সচিব হিসেবে জেলার সহকারী পরিচালককে অন্তর্ভুক্ত করতে হবে।
৩. সহকারী পরিচালকের পদ শূন্য থাকলে সদর উপজেলার উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন।
৪. সেক্ষেত্রে প্রকল্পের ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার/ ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার এর পদ শূন্য থাকলে বায়োগ্যাস সাব এসিসটেন্ট ইঞ্জিনিয়ার কমিটিতে সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন।
৫. ঋণ পূর্বের ন্যায় উপজেলা থেকে বিতরণের লক্ষ্যে চেকে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও প্রকল্পের ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার/ ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার এর পদ শূন্য থাকলে বায়োগ্যাস সাব এসিসটেন্ট ইঞ্জিনিয়ার যৌথ স্বাক্ষরে প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.৩. 'Life Skills Education in Youth Training Center & Strengthening of National youth platform (LYTC & SNYP) Project' প্রকল্প পরিচালক জানান যে, বর্তমান ২০২৪-২০২৫ অর্থবছরে মোট বরাদ্দ ৯০.০০ লক্ষ টাকার মধ্যে (জিওবি ২০.০০ লক্ষ এবং প্রকল্প সাহায্য ৭০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। কিন্তু জানুয়ারি ২০২৫ হতে ইউএনএফপি হতে কোন বরাদ্দ পাওয়া যায়নি বিধায় প্রকল্পের কার্যক্রম সাময়িকভাবে বন্ধ রয়েছে। পরবর্তীতে অর্থ প্রাপ্তি সাপেক্ষে প্রকল্পের কার্যক্রম শুরু করা যাবে। প্রকল্পের অধীনে (হায়ার চার্জ) গাড়ি চলমান রয়েছে। প্রকল্পের মনিটরিং কার্যক্রম এবং অধিদপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য গাড়িটি ব্যবহার অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়। প্রকল্পের আওতায় একটি ওয়েবসাইট তৈরির কাজ চলমান রয়েছে।

সিদ্ধান্ত:
সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:
১. বরাদ্দ প্রাপ্তির ব্যাপারে ইউএনএফপি এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।
২. সরকারী বিধি মোতাবেক গাড়ি ব্যবহার করতে হবে।

৪.৪ Economic Acceleration and Resilience for the NEET (EARN) প্রকল্প: ২০২৫-২৬ অর্থবছরে এডিপিতে প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের ব্যয় নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং প্রকল্পের আওতায় সার্ভিস

প্রোভাইডার (এসপি) নিয়োগের কার্যক্রম বিষয়ে সভাপতি মহোদয় জানতে চান। এক্ষেত্রে প্রকল্প পরিচালক সভায় জানান যে, যে সকল এনজিও হতে রিকোয়েস্ট ফর প্রোপোজাল (আরএফপি) পাওয়া গেছে সেগুলো মূল্যায়নের কাজ সমাপ্ত হয়েছে। মূল্যায়ন প্রতিবেদন বিশ্বব্যাংকের অনুমোদনের লক্ষ্যে প্রেরণ করা হলে বিশ্ব ব্যাংক মূল্যায়ন প্রতিবেদনে কিছু পর্যবেক্ষণ প্রদান করেন। পর্যবেক্ষণসমূহ সংশোধনপূর্বক বিশ্ব ব্যাংকে পুনরায় প্রেরণ করা হয়েছে। বিশ্ব ব্যাংক হতে অনুমোদন পাওয়া গেলে সার্ভিস প্রোভাইডার নিয়োগ করা হবে।

সিদ্ধান্ত:
সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:
১. ২০২৫-২৬ অর্থবছরের এডিপিতে বরাদ্দকৃত সমুদয় অর্থ শতভাগ ব্যয় করতে হবে।
২. প্রকল্পের আওতায় সাভির্স প্রোভাইডার (এসপি) নিয়োগের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম এই অর্থবছরেই শুরু করতে হবে।

**৪.৫ ফিজিবিলিটি স্টাডি প্রকল্প:** প্রকল্প পরিচালক জানান, এ প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরে দুটি প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন হয় এবং ২০২৪-২০২৫ অর্থবছরে ১১টি প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন হয়। ২০২৫-২০২৬ অর্থবছরে ০১টি প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি কার্যক্রম চলমান রয়েছে। যুব উন্নয়ন অধিদপ্তরের পরিকল্পনা উইং কর্তৃক ৫০ কোটি টাকার উর্ধ্বে প্রকল্পসমূহের প্রস্তাবনা পেলে সেসকল প্রকল্পের ফিজিবিলিটি বাস্তবায়ন করা হবে।

সিদ্ধান্ত:
সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:
১. প্রকল্পের কাজ অব্যাহত রেখে শতভাগ অগ্রগতি অর্জন করতে হবে।
২. যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত পরিকল্পনা কমিশনের আরএডিপির সবুজ পাতায় অন্তর্ভুক্ত যেসকল প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৫০ কোটি টাকার উর্ধ্বে সেসকল প্রকল্পের ফিজিবিলিটি ষ্ট্যাডি দ্রুতসময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।
৩. পরিকল্পনা মোতাবেক নির্ধারিত সময়ে সমীক্ষা সম্পন্ন করে স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন যথাসময়ে দাখিল করতে হবে।
৪. প্রকল্প বাস্তবায়নে বাস্তব অগ্রগতির তথ্য, চিত্র সভায় উপস্থাপন করতে হবে।

**৪.৬. 'কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্র, সাভার, ঢাকা-এর প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণ ও আধুনিকীকরণ' শীর্ষক প্রকল্প:** যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) জানান, সকল ভৌত অবকাঠামো সংস্কার ও মেরামতের ক্ষেত্রে শতভাগ ব্যয় অর্জন করতে হবে। অবকাঠামো উন্নয়নের পূর্বের চিত্র, উন্নয়নকালীন কার্যক্রমের চিত্র এবং পরের চিত্র সংযুক্ত করে একটি ডকুমেন্টরি তৈরি করতে হবে। প্রকল্প বাস্তবায়নের প্রকৃত তথ্যচিত্র সভায় অবগতির জন্য প্রকল্পের বাস্তব অগ্রগতির তথ্য, চিত্র, ভিডিও ও গ্রাফিক্যালি উপস্থপনা দিতে নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্ত:
সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:
১. ভৌত অবকাঠামো সংস্কারের ক্ষেত্রে পূর্বের অবকাঠামোর চিত্র এবং মেরামতকালের চিত্র ও উন্নয়ন কার্যক্রম সম্পন্ন হওয়ার পরের চিত্রের প্রমাণক রাখতে হবে এবং প্রমাণকে স্পেসিফিক ক্যাপশন উল্লেখ করতে হবে।
২. প্রকল্পের আওতায় উন্নয়নমূলক কার্যক্রমের প্রমাণক সংরক্ষণের পাশাপাশি বিস্তারিত তথ্য উপস্থাপন করতে হবে।
৩. প্রকল্প বাস্তবায়নের বাস্তব অগ্রগতির তথ্য, চিত্র, ভিডিওসহ গ্রাফিক্যালি উপস্থাপন প্রদান করতে হবে।
৪. ২০২৫-২৬ অর্থবছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থ শতভাগ ব্যয় করতে হবে।

**৪.৭ ৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকরণ (২য় পর্যায়)" প্রকল্প:** পরিচালক (পরিকল্পনা) সভায় জানান, প্রকল্পের আওতায় ৫টি ট্রেডের (কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এপ্লিকেশন, প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন, ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং, ইলেকট্রনিক্স এবং রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং) প্রকল্প মেয়াদে প্রশিক্ষণের (উপকারভোগী) লক্ষ্যমাত্রা ৭১৫৮০ জন। ইতোমধ্যে নভেম্বর, ২০২৫ পর্যন্ত প্রশিক্ষণের (উপকারভোগী) অগ্রগতি ৪৭২৩১ জন (৬৫.৯৮%)। প্রকল্প মেয়াদে প্রশিক্ষণের (উপকারভোগী) লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০০% অর্জন সম্ভব হবে। এছাড়া প্রকল্পের মাঠ পর্যায়ের তদারকী জোরদার করা হয়েছে। প্রকল্পের অনুকূলে চলতি ২০২৫-২৬ অর্থ বছরে এডিপি-তে বরাদ্দকৃত অর্থ ৩০ জুন, ২০২৬ এর মধ্যে ১০০% ব্যয় করা সম্ভব হবে।

সিদ্ধান্ত:
সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:
১. প্রকল্পের মাঠ পর্যায়ের তদারকী জোরদার করতে হবে;
২. প্রকল্প মেয়াদে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১০০% নিশ্চিত করতে হবে;
৩. এডিপি'তে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে;
৪. প্রকল্প বাস্তবায়নের বাস্তব অগ্রগতির তথ্য, চিত্র, ভিডিওসহ গ্রাফিক্যালি উপস্থাপন করতে হবে;
৫. প্রকল্পে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের সকল অঙ্গসমূহের কার্যক্রম ১০০% নিশ্চিত করতে হবে।

৪.৮ দেশের ৪৮ জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি' শীর্ষক প্রকল্প: সভায় আলোচনাকালে প্রকল্প পরিচালক জানান "দেশের ৪৮ জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি"প্রকল্পটি ২০২৩-২৪ অর্থবছরের মাঝামাঝি সময় অনুমোদিত হওয়ায় আরএডিপি'তে কোন অর্থবরাদ্দ না পাওয়ার ফলে ২০২৩-২০২৪ অর্থবছরে প্রকল্পের কার্যক্রম শুরু করা যায়নি। ২০২৪-২৫ অর্থবছরে আরএডিপি'তে ৫০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। জুন, ২০২৫ মাস পর্যন্ত ৪৮০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৩য় ব্যাচের প্রশিক্ষণ সেপ্টেম্বর ২০২৫ মাসে শেষ হয়েছে। বর্তমানে ৪র্থ ব্যাচের প্রশিক্ষণ চলমান রয়েছে।

পরিচালক (পরিকল্পনা) বলেন যে, এ প্রকল্পের ডিপিপিতে প্রতি ব্যাচের প্রশিক্ষণের জন্য ২৫ জন প্রশিক্ষণার্থীর মধ্যে যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলার ২জন প্রশিক্ষক প্রশিক্ষণার্থী হিসেবে প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা রাখা হয়েছে। যেন পরবর্তীতে ফ্রিল্যান্সিং বিষয়ে দক্ষ প্রশিক্ষক হয়ে রাজস্ব বাজেটের আওতায় ফ্রিল্যান্সিং ট্রেডটি যুব উন্নয়ন অধিদপ্তরে নিয়মিত ট্রেড হিসেবে চালু করা যায়। সেজন্য ৪৮টি জেলায় প্রত্যেকটি ব্যাচে এখন পর্যন্ত কতজন প্রশিক্ষক ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ গ্রহণ করেছেন এবং চলমান ব্যাচে কতজন প্রশিক্ষক ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ গ্রহণ করছেন তাদের নামের তালিকা পরবর্তী মাসিক প্রকল্প পর্যালোচনা সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়।

মহাপরিচালক (গ্রেড-১) মহোদয় প্রকল্প পরিচালককে মাঠ পর্যায়ের প্রকল্প পরিদর্শন বিষয়ে জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান ইতোমধ্যে তিনি বিভিন্ন জেলা পরিদর্শন করেছেন। তিনি জানান প্রকল্পের বাস্তবায়ন সন্তোসজনকভাবেই চলছে। অতঃপর মহাপরিচালক (গ্রেড-১) মাঠ পর্যায়ে পরিদর্শন ও তদারকী বৃদ্ধি করতে নির্দেশনা প্রদান করেন।

প্রকল্প পরিচালক জানান যে, গত ২৫.১১.২০২৫খ্রি. তারিখে প্রকল্পটির পিইসি সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ৩৬০০০ জন এবং মেয়াদ ৩১ ডিসেম্বর, ২০২৭ পর্যন্ত বর্ধিত করা হয়।

সিদ্ধান্ত:
সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:
১. ৪৮টি জেলায় প্রত্যেকটি ব্যাচে এখন পর্যন্ত কতজন প্রশিক্ষক ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ গ্রহণ করেছেন এবং চলমান ব্যাচে কতজন প্রশিক্ষক ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ গ্রহণ করছেন তাদের নামের তালিকা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে;
২. প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন নিশ্চিত করতে মাঠ পর্যায়ে পরিদর্শন ও তদারকী বৃদ্ধি করতে হবে;
৩. ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপি বরাদ্দের সম্পূর্ণ অর্থ ব্যয় করতে হবে।

৪.৯. তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন যুবদের কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তির মাধ্যমে দক্ষতা উন্নয়ন প্রকল্প: প্রকল্প পরিচালক সভায় জানান, প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্যে আউটসোর্সিং প্রতিষ্ঠান নির্বাচনের লক্ষ্যে EoI আহবান করা হয়েছে। EoI প্রদানের শেষ তারিখ ১৮.১২.২০২৫।

সিদ্ধান্ত:
সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:
১. তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন যুবদের কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তির মাধ্যমে দক্ষতা উন্নয়ন প্রকল্পের আউটসোর্সিং প্রতিষ্ঠান নির্বাচনের কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।
২. ২০২৫-২০২৬ অর্থবছরের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ও আরএডিপির বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ব্যয় ১০০% নিশ্চিত করতে হবে।

৪.১০ এছাড়া ২০২৫-২৬ অর্থ বছরে অননুমোদিত নতুন প্রকল্পসমূহের ডিপিপি/টিএপিপি প্রণয়ন ও অনুমোদন ও অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়।

৫.১০ প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিস্তারিত সঠিক প্রতিবেদন প্রতি মাসের প্রথম ২ কর্মদিবসের মধ্যে পরিকল্পনা উইংএ প্রেরণ নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

৬.০ আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

১৭.১২.২০২৫

(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)
মহাপরিচালক (গ্রেড-১)
ফোনঃ ০২-২২৩৩৮৯৩৮৯
dg@dyd.gov.bd

নং- ৩৪.০১.০০০০.০২৫.০৮.০১.১৯- ৭৮৪

তারিখঃ ০২ পৌষ ১৪৩২
১৭ ডিসেম্বর ২০২৫

বিতরণ:

০১. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ: আ: যুগ্ম সচিব (উন্নয়ন), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়)।

০২. পরিচালক ........................................................................ (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৩. প্রকল্প পরিচালক, দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (৩য় পর্ব) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৪. প্রকল্প পরিচালক, টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকার ২য় পর্ব) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৫. প্রকল্প পরিচালক, Life Skills Education in Youth Training Center and Strengthening of National Youth Platform' প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৬ প্রকল্প পরিচালক, Economic Acceleration and Resilience for NEET (EARN) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৭. প্রকল্প পরিচালক, তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন যুবদের কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তির মাধ্যমে দক্ষতা উন্নয়ন প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৮. প্রকল্প পরিচালক, 'ফিজিবিলিটি স্ট্যাডি ফর নিউ প্রজেক্টস অব ডিওয়াইডি' শীর্ষক প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৯. প্রকল্প পরিচালক, কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রের প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

১০. প্রকল্প পরিচালক, '৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকরণ (২য় পর্যায়)' শীর্ষক প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

১১. প্রকল্প পরিচালক, দেশের ৪৮টি জেলায় 'শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি শীর্ষক প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১. প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

০২. মহাপরিচালক (গ্রেড-১), মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।

০৩. পরিচালক (পরিকল্পনা), মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।

১৭/১২/২০২৫
( নাজমুল )
সহকারী পরিচালক (পরিকল্পনা-২)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।